খুলনা বিভাগীয় জয়িতা সম্মাননা পেলেন ঝিনাইদহের দিপ্তী রহমান

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলায় সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখায় খুলনা বিভাগীয় জয়িতা সম্মাননা পেলেন পেয়েছেন দিপ্তী রহমান।

গতকাল রোববার (২৯ জানুয়ারি) সকালে খুলনা জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ সম্মাননা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধায়ন এবং খুলনা বিভাগীয় প্রশাসনের আয়োজনে খুলনায় “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক খুলনা বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ জয়িতাদের সম্মাননা করা হয়। খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার হেলাল মাহমুদ শরীফের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সিমিন হোসেন রিমি (এমপি)।

বিশেষ অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাজমা মোবারেক, মহিলা বিষয়ক অধিদফতরের মহাপরিচালক কেয়া খান, খুলনা জেলা প্রশাসক খন্দকার ইয়াসির আরেফিন, খুলনার অতিরিক্ত পুলিশ সুপার পিপিএম সেবা সুশান্ত কুমার সরকার এবং মহিলা বিষয়ক অধিদফতরের পরিচালক (যুগ্ম সচিব) জাকিয়া আফরোজ।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে শ্রেষ্ঠ জয়িতা ৫ জন, রানারআপ ৫ জন ও বিভিন্ন ক্যাটাগরিতে ৪০ জনসহ মোট ৫০ জনকে সন্মাননা প্রদান করা হয়।

ঝিনাইদহের প্রত্যন্ত অঞ্চল হরিণাকুন্ডু উপজেলায় সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখায় দিপ্তী রহমানকে সম্মাননা প্রদাণ করা হয়। তার এই প্রাপ্তিতে সাধুবাদ জানিয়েছেন ঝিনাইদহ জেলার সর্বস্তরের মানুষ।

ঝিনাইদহে আলমসাধু ও পাওয়ার টিলারের মুখোমুখি সংঘর্ষে যুবক নি*হত

ঝিনাইদহের মহেশপুরে আলমসাধু ও পাওয়ার টিলারের মুখোমুখি সংঘর্ষে ঘটনা স্থলেই ইউনিলিভার কোম্পানীর এস আর পল্লাদ মালি (২৮) নামের এক যুবক নিহত হয়েছে। নিহত পল্লাদ মালি ঝিনাইদহের কালিগঞ্জ উপজেলার ধুদরাজপুর গ্রামের বাবু মালির ছেলে।

এ ঘটনাটি ঘটেছে আজ রোববার রাত ৮টার দিকে মহেশপুর উপজেলার মহেশপুর-যাদবপুর সড়কের গয়েশপুর নামক স্থানে। পুলিশ নিহত পল্লাদ মালির লাশ উদ্ধার করে মহেশপুর থানায় নিয়ে আসে।

থানা ও এলাকাবাসী সুত্রে জানাগেছে, আজ রোববার রাত ৮টার দিকে যাদবপুর বাজারে ইউনিলিভার কোম্পানীর পণ্য সাপ্লাই দিয়ে মহেশপুরে আসার পথে গয়েশপুর নামক স্থানে পৌছালে বিপরিত দিক থেকে আসা পাওয়ার টিলারের সাথে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। যাদবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ডাঃ সালাউদ্দীন আহাম্মেদ জানান, গয়েশপুর মোড়ে আলমসাধু ও পাওয়ার টিলারের মুখোমুখি সংঘর্ষে পল্লাদ মালি নামের এক জন জখম হয় এবং ঘটনাস্থলেই তিনি মারা যান।

মহেশপুর থানার সেকেন্ড অফিসার এস আই হাবিবুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, নিহত পল্লাদের লাশ উদ্ধার করা হয়েছে। আগামীকাল সোমবার ঝিনাইদহ মর্গে প্রেরণ করা হবে।

ঝিনাইদহে ফার্মাসিউটিক্যালস এরিয়া ম্যানেজার ফোরামের

অভিষেক ও সংবর্ধনা সভা

ঝিনাইদহে নবগঠিত ফার্মাসিউটিক্যালস এরিয়া ম্যানেজার ফোরামের নতুন কমিটির অভিষেক ও সংর্বধনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৮ জানুয়ারি) রাত ৮টায় শহরের পাগলাকানাই সড়কের প্রফেসর কমিউনিটি সেন্টারে এই সভা অনুষ্ঠিত হয়।

এই অভিষেক ও সংবর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: সৈয়দ রেজাউল ইসলাম।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে বিসিডিএস ঝিনাইদহ জেলা শাখার সভাপতি রফিকুল করিম সোম, ঝিনাইদহ ক্লিনিক ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশনের সভাপতি এমএ সামাদ, বিসিডিএস এর সহ সভাপতি মুস্তাকিবুর রহমান ঝন্টু প্রমূখ বক্তব্য রাখেন।

সভায় সভাপতিত্ব করেণ নবগঠিত এরিয়া ম্যানেজার ফোরামের সভাপতি জুয়েল রানা বীর এবং সঞ্চালনায় ছিলেন ফোরামের প্রধান উপদেষ্টা একেএম ছবদুল ইসলাম। অনুষ্ঠানের সার্বিক তত্বাবধানে ছিলেন ফোমের সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম খান (সাইদ)। অনুষ্ঠানে নবগঠিত ফোরামের নেতৃবৃন্দকে পরিচয় করিয়ে দেয়া হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, যে কোন ফোরাম বা এসোসিয়েশনের প্রধান উদ্দেশ্য হলো নিজেদের ভিতরে ঐক্য গড়ে তোলা এবং বিপদে আপদে এক সাথে হয়ে কাজ করা। তিনি আরও বলেন অনৈতিক বা বিধি বহির্ভূত কোন কাজের সাথে থাকা যাবে না, সকল পক্ষের সাথে সৌহার্দপূর্ণ ব্যবহার করে সামনের দিকে এগিয়ে যেতে হবে। তাহলে আমিসহ সকল ডাক্তার এবং আজকের যারা সম্মানিত সকল প্রতিষ্ঠানের অতিথিবর্গ আছেন সকলেই আপনাদের সহযোগীতা করবেন।

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের

উদ্যোগে কম্বল বিতরণ

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে কম্বল বিতরণ কর্মসুচিতে ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল প্রধান অতিথি হিসেবে এই কম্বল বিতরণের উদ্বোধন ঘোষণা করেন ।

আজ শনিবার (২৭ জানুয়ারি) দুপুরে ঝিনাইদহ পৌর পার্কে দুস্থ ও অসহায়দের মাঝে ৫হাজার কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ কালে আলোচনা সভায় তিনি বলেন, ঝিনাইদহে কোন সন্ত্রাস, চাঁদাবাজ ও মাদক ব্যবসায়ী থাকবে না। যেখানেই এই তিন অপশক্তি থাকবে সেখানেই প্রতিরোধ ও দমন করা হবে। নতুন রুপে এই শহরকে গড়ে তোলা হবে। এ জন্য তিনি ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসির সহায়তা চান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী মহুল, পোড়াহাটীর ইউনিয়নের চেয়ারম্যান ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, বাস মিনিবাস মালিক সমিতির নেতা মোহাম্মদ আলী কানু, জেলা জাতীয় শ্রমিক লীগের সভাপতি আক্কাচ আলী, জাহেদী ফাউন্ডেশনের জেলা সমন্বয়ক তবিবুর রহমান লাবু উপস্থিত ছিলেন।

এমপি মহুল আরো বলেন, ঝিনাইদহের উন্নয়নে একটি রোডম্যাপ প্রণয়ন করা হবে। সে মোতাবেক অগ্রাধীকার ভিত্তিতে মানুষের চাহিদা মোতাবেক তা নিশ্চিত করতে হবে।

কোটচাঁদপুর বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে ড্রাগন ফলের চাষ

কোটচাঁদপুরে বানিজ্যিক ভাবে শুরু হয়েছে বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে ড্রাগন ফলের চাষ। এ দিকে সন্ধ্যা নামলেই বৈদ্যুতিক বাতির ঝলকানি দেখতে ওই বাগানে ভীড় করছেন,উৎসুখ জনতা। বাড়তি ফল উৎপাদনের আশায় পাইলট প্রকল্প হিসেবে দেড় বিঘা জমিতে এ পদ্ধতিতে চাষ করছেন বলে জানিয়েছেন,চাষি রেহমানুল কবির (রাজু)।

জানা যায়,কোটচাঁদপুর তালসার সড়কের পারলাট মাঠ এটি। এ সড়কের পাশেই দেড় বিঘা ড্রাগন ফলের বাগান চাষি রেহমানুল কবির (রাজুর)। ২০২১ সালের দিকে এ বাগানটি করেন তিনি। ওই সময় দেড় বিঘা জমিতে ড্রাগন চাষ করতে ব্যয় হয়েছিল সাড়ে ৪ লাখ টাকা। এ বছর ওই বাগানেই বাল্ব পদ্ধতিতে চাষ করতে আবারও ব্যয় করেছেন আরো ৩ লাখ টাকা।

এদিকে সন্ধ্যা নামলেই বৈদ্যুতিক বাতিগুলো জ্বলে উঠছে বাগানটি। এ সময় দুর থেকে দেখলে বাগানটিকে তারার মেলা বলে মনে হচ্ছে। যা দেখতে প্রতিনিয়ত ওই সড়কে ভীড় করছেন উৎসুক জনতা। এর মধ্যে কেউ আসছেন চাষ পদ্ধতিসহ দেখতে। আবার কেউ আসছেন আলোর ঝলকানি উপভোগ করতে।

বিষয়টি নিয়ে ড্রাগন চাষি রেহমানুল কবির (রাজু) বলেন,গেল ২০১৮ সালে মাত্র ১৫ কাঠা জমিতে দিয়ে ড্রাগন চাষ শুরু করা হয়। বর্তমানে ১০ বিঘা জমিতে ড্রাগন চাষ।

তিনি বলেন, এক বিঘা জমিতে ড্রাগন চাষ করতে ব্যয় হয় ৩ লাখ টাকা। তবে বৈদ্যুতিক পদ্ধতিতে চাষ করতে ব্যয় হবে আরো ২ লাখ টাকা। আপনি কেন এ পদ্ধতিতে চাষ করার সিদ্ধান্ত নিলেন আর কোথায় পেলেন এ প্রযুক্তি এমন প্রশ্নে তিনি বলেন,সাধারন ভাবে চাষ করলে ৬ মাস ফল উৎপান করা যায়।

আর বৈদ্যুতিক পদ্ধতিতে চাষ করলে আরো ২/৩ মাস ফল উৎপাদন করা সম্ভব হবে বলে মনে করছি। এ জন্য মাত্র দেড় বিঘা জমিতে পাইলট প্রকল্প হিসেবে এ পদ্ধতিতে চাষ শুরু করলাম। ভাল ফল পেলে বাকি আরো ৮ বিঘা জমিতে চাষ করবেন বলে জানিয়েছেন তিনি।

রাজু বলেন,ঝিনাইদহের হরিণাকুন্ড উপজেলার এক চাষি এ পদ্ধতিতে চাষ করে ভাল ফল পেয়েছেন। আমি ওই বাগানে দেখে এসে চাষ শুরু করেছি।

তিনি বলেন,দেড় বিঘা জমিতে ১৭ শ ড্রাগন গাছ রয়েছে। আর খুটি রয়েছে ৪ শ ৩০ টি। ৪ ফুট ব্যবধানে বৈদ্যুতিক বাতি গুলো ঝুলিয়ে দেয়া হয়েছে। ওই বাগানে ৫ শ ৫০ টি বাতি দেয়া হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল ইসলাম বলেন, এ উপজেলায় ৩ শ হেক্টরের উপর জমিতে ড্রাগনের চাষ আছে। সাধারণত গাছ থেকে চাষিরা বছরে দুই বার ড্রাগন সংগ্রহ করতে পারতো। এ পদ্ধতিতে চাষ করলে তারা সারা বছর গাছ থেকে ড্রাগন সংগ্রহ করতে পারবেন।

তবে এতে যেমন খরচ আছে, তেমনি চাষি লাভবানও হবেন। কোটচাঁদপুরে এ পদ্ধতিতে চাষ শুরু হয়েছে কিনা,এমন প্রশ্নে তিনি বলেন, এটা আমার জানা নাই। আপনাদের মাধ্যমে জানতে পারলাম ওই পদ্ধতিতে চাষ শুরু করেছেন চাষিরা।

এর কোন বৈজ্ঞানিক ভিত্তি আছে কিনা,জানতে চাই ওই কর্মকর্তা বলেন,বিদেশে এ পদ্ধতিতে চাষ আছে। আপনারা আরেকটু নিশ্চিত হতে পারবেন ইউটিউব দেখলে।

হরিণাকুণ্ডুতে একই স্কুলের শিক্ষক-শিক্ষিকা বরখাস্ত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার তোলা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আমিরুল ইসলাম ও একই স্কুলের ধর্মীয় শিক্ষিকা আসমা খাতুনকে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে সাময়িক বরখাস্ত করেছে স্কুল কমিটি।

গতকাল বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) দুপুরে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে তাদের এই সাময়িক বরখাস্ত করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়া। তবে স্থানীয়রা ওই শিক্ষক-শিক্ষিকাকে স্থায়ী বহিষ্কারের দাবী জানিয়েছেন।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়ার স্বাক্ষরিত পত্র থেকে জানা যায়,অভিযুক্ত শিক্ষক এবং শিক্ষিকার অনৈতিক সম্পর্কের কথোপকথনের স্ক্রিনশট সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ায় কমিটির অধিকাংশ সদস্যের সিদ্ধান্ত মোতাবেক ওই দুইজনকে আগামী দুই মাসের জন্য সাময়িক বরখাস্ত করা হলো। তবে পরবর্তীতে তাদের বিরুদ্ধে আর কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা সেসংক্রান্ত কিছুই উল্লেখ করা হয়নি।

জানাযায়, গত ১৫ জানুয়ারি তোলা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আমিরুল ইসলাম ও শিক্ষিকা আসমা খাতুনের ফেইসবুক মেসেঞ্জারের অশ্লীল কথোপকথনের স্ক্রিনশট সোস্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে এবং

মুহূর্তেই তা ভাইরাল হয়। ম্যসেঞ্জারের অশ্লীল চ্যাট এর বিষয় সামনে আসার পরে বোঝা যায় শিক্ষক আমিরুল ও শিক্ষিকা আসমার মধ্যে দীর্ঘদিন পরকীয়া চলে আসছে। তাদের মোবাইল চ্যাটিং এ আরো বোঝা যায় যে তারা একে অপরের শরীর দেখা দেখিও করে এবং কোন এক আত্মীয়দের বাসায় যেয়ে নিজেদের মধ্যে শারীরিক সম্পর্ক করার পরিকল্পনাও তারা করেন।

তবে অভিযুক্ত শিক্ষক আমিরুল ইসলাম বলেন,আমি ফেইসবুক সম্পর্কে ভালো বুঝিনা। কেউ আমার আইডি হ্যাক করে আমার সুনাম ক্ষুন্ন করার জন্য এসব কাজ করেছে।

এদিকে তাদের অশ্লীল চ্যাটিং সামাজিক যোগাযোগে মাধ্যমে ভাইরাল হওয়ার পরে স্কুল পড়ুয়া ছেলে মেয়ে ও অভিভাবকদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

গতকাল বৃহস্পতিবার সকালে অবিভাবক ও এলাকাবাসী স্কুলে এসে ওই শিক্ষক ও শিক্ষিকাকে স্কুল থেকে বরখাস্ত ও চাকুরীচুত্য করার দাবি জানিয়ে প্রধান শিক্ষক ও সভাপতির উপরে চাপ প্রয়োগ করে। পরে থানা পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। প্রশাসনের উপস্থিতিতে ম্যানেজিং কমিটির সভায় অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাকে সাময়িক বরখাস্ত করা হয়।

এবিষয়ে তোলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়া বলেন, ম্যানেজিং কমিটির বৈঠকে সদস্যদের সর্বসম্মতিক্রমে অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাকে দুই মাসের জন্য সাময়িক বরখাস্ত করা হয়েছে। তবে পরবর্তীতে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে কিনা,এমন প্রশ্নের কোনো জবাব তিনি দেননি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী বলেন, এলাকার সামজিক কোন্দল থেকেই এই ঘটনা ঘটেছে। আসমা খাতুন ধর্মীয় শিক্ষক, সে এমন কাজ করতে পারে বলে আমার মনে হয়না। সাময়িক বরখাস্তের বিষয়ে তিনি কিছু বলতে পারেননি। সামনে সপ্তাহে স্কুলে গিয়ে বিষয়টি তিনি দেখবেন বলে জানান।

কোটচাঁদপুরে সব্দুল সরদার স্কুল এন্ড কলেজে পিঠা উৎসব

মাঘের কুয়াশাচ্ছন্ন সকালে বিদ্যালয়ে শিশু শিক্ষার্থীরা স্কুলের ব্যাগ কাঁধে নিয়ে শ্রেণিকক্ষে আসে পাঠদান শিখতে। কিন্তু আজ শিক্ষার্থীদের কাঁধে কোনো স্কুল ব্যাগ নেই, নেই কোনো বই, খাতা ও কলম। সকলেই নানান সাজে নিজ অভিভাবকসহ বিদ্যালয়ে এসেছে পিঠা উৎসব করতে। পৌষের বিদায়ে আর মাঘের শুরুতে আবহমান বাংলার চিরায়ত সংস্কৃতির পিঠা উৎসব

বিদ্যালয়ের মাঠে নকশি পিঠা, চিতই পিঠা, রস পিঠা, ডিম চিতই, দোল পিঠা, ভাপা পিঠা, পাটিসাপটা, পাকান, কুলি, জামাই পিঠা, আন্দশা, কাটা পিঠা, ছিট পিঠা, গোকুল পিঠা, ইলিশ পিঠা, চুটকি পিঠা, মুঠি পিঠা, জামদানি পিঠা, হাড়ি পিঠা, চাপড়ি পিঠা, পাতা পিঠা, ঝুড়ি পিঠাসহ আরও কত নাম!

গ্রামবাংলার ঐতিহ্য ও সংস্কৃতি ধরে রাখতে ঝিনাইদহের কোটচাঁদপুরে পিঠামেলা উৎসব অনুষ্ঠিত হয়েছে।
আজ শুক্রবার (২৬ শে জানুয়ারি) সকালে পৌর এলাকার দুধসারা বাসস্ট্যান্ড ও ফায়ার সার্ভিস অফিস সংলগ্ন সব্দুল সরদার মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী ও অবিভাবকের আয়োজনে পিঠা উৎসব অনুষ্ঠিত হয়।শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ শিশির আহম্মেদ শিলনের সার্বিক তত্ত্বাবধানে

পিঠা উৎসবে উপস্থিত ছিলেন সাংবাদিক মঈন উদ্দিন খান,সুব্রত কুমার,আব্দুল্লাহ বাশার, প্রমুখ।

পিঠা উৎসবে আগত অতিথি রা বলেন, দিনে দিনে হারিয়ে যাচ্ছে গ্রামবাংলার ঐতিহ্য ও সংস্কৃতি। তেমনই একটি ঐতিহ্য পিঠাপুলি-পায়েস। ডিজিটাল যুগের চাহিদায় মানুষের মাঝে আত্মিক সম্পর্কও হারিয়ে যাচ্ছে। নতুন প্রজন্মের অনেকেই জানে না পিঠাপুলির নাম। আগে গ্রামের প্রতি বাড়িতে উৎসবের মতো পিঠাপুলি বানানো হতো, আত্মীয়-স্বজনদের নিয়ে মহা আনন্দে খাওয়া হতো। এখন আর সেসব খুব একটা দেখা যায়না। তাই গ্রামীণ সেই ঐতিহ্য ধরে রাখতে সবাইকে এগিয়ে আসতে হবে।

এ সময় অতিথিবৃন্দের মাঝে নানারকমের পিঠা পরিবেশন করে

শিক্ষর্থীরা। পিঠা উৎসবে সকল থেকে শুরু করে সন্ধ্যা পর্যন্ত দর্শনার্থীদের ভীড় লক্ষ করা যায়।

সে সময় শিক্ষক, শিক্ষার্থী,দর্শনাথী, সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিএনপির কালো পতাকা মিছিল ও সমাবেশ

দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ, বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের নামে মিথ্যা মামলা প্রত্যাহার ও সংসদ বাতিলের দাবীতে ঝিনাইদহে কালো পতাকা মিছিল ও সমাবেশ করেছে বিএনপি।

আজ শুক্রবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে জেলা বিএনপির পক্ষ থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে মর্ডান মোড়ে গিয়ে শেষ হয়। এতে জেলা বিএনপি, উপজেলা বিএনপিসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। পরে মর্ডান মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সেসময় জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বিএনপির নেতাকর্মীদের নামে সকল মামলা প্রত্যাহার, বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও বর্তমান সংসদ বাতিল করার দাবী জানান।

ঝিনাইদহে শেষ হলো আমেনা খাতুন কলেজের পিঠা উৎসব

‘সবাই মিলে পিঠা খায়, আনন্দ উৎসবে মন রাঙায়’’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে আমেনা খাতুন কলেজে দিনব্যাপী বার্ষিক পিঠা উৎসব পালিত হয়েছে।

গতকাল নাচ-গান, পিঠা খাওয়া, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হলো দিনব্যাপী পিঠা উৎসবের। দিনব্যাপী মেলা প্রাঙ্গণ ছিল লোকে লোকারণ্য। বাহারি রঙ্গের শাড়ি পড়ে শিক্ষার্থী ও ক্রেতা-দর্শনার্থীদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে আমেনা খাতুন কলেজ প্রাঙ্গণ। ঐতিহ্য ধরে রাখা আর হারিয়ে যাওয়া দেশীয় সংস্কৃতি পুনরুজ্জীবিত করতে এই উৎসবের আয়োজন করে প্রতিষ্ঠানটি। মেলাই ২২ টি স্টলের মধ্যে ৩টি স্টলকে সেরা নির্বাচিত করা হয়।

কলেজের অধ্যক্ষ মোঃ মহিদুজ্জামানের সার্বিক তত্তাবধানে গতকাল বৃহস্পতিবার সকালে কলেজ পরিচালনা পরিষদের সদস্য ও স্থানীয় ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন এই পিঠা মেলার উদ্বোধন করেন। পরে বিকালে পিঠা মেলা উপলক্ষে এক আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সেসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমেনা খাতুন কলেজ পরিচালনা পরিষদের সভাপতি আবু শাহরিয়ার জাহেদী পিপুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু প্রমুখ। বক্তব্য শেষে মেলাই অংশ গ্রহণ করা বিজয়ীসহ সকলের মাঝে পুরষ্কার প্রদান করেন অতিথিবৃন্দ। এ উৎসবকে কেন্দ্র করে এলাকার সকল শ্রেণী পেশার মানুষের মাঝে উৎসবের আমেজ দেখা দেয়।

কোটচাঁদপুরে ২০ পিচ ইয়াবাসহ

লক্ষ্মণ দেবনাথ আটক

কোটচাঁদপুরে ২০ পিচ ইয়াবাসহ লক্ষ্মণ দেবনাথ (৩১)কে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ। আজ শুক্রবার স্থানীয় মেইনবাসস্ট্যান্ড থেকে তাঁকে আটক করা হয় বলে নিশ্চিত করেছেন থানার উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গোপন সংবাদ পেয়ে কোটচাঁদপুর থানার পুলিশ স্থানীয় মেইনবাসস্ট্যান্ডে অভিযান চালান। আটক করেন লক্ষ্মণ দেবনাথকে। এ সময় তাঁর কাছ থেকে ২০ পিচ ইয়াবা উদ্ধার করেন পুলিশ। এ ব্যাপারে তাঁর বিরুদ্ধে কোটচাঁদপুর থানায় মাদক আইনে মামলা হয়েছে। লক্ষণ দেবনাথ কালিগঞ্জের বলরামপুর গ্রামের রহিত দেবনাথের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক বলেন, কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডে থেকে লক্ষন দেবনাথকে আটক করা হয়। এ সময় তাঁর জ্যাকেটের পকেট থেকে ২০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়। লক্ষণের নামে কোটচাঁদপুর থানায় মাদক আইনে মামলা হয়েছে।